

ରୋବବାର ସାରା ଦେଶେ ମହାସମାବେଶେର ଡାକ କାରିଗରି ଶିକ୍ଷାର୍ଥୀଙ୍କୁ ଶିକ୍ଷାର୍ଥୀଙ୍କୁ ଦେଇବାରେ

ଇନ୍ଡ୍ରୋଫାକ ଡିଜିଟାଲ ରିପୋର୍ଟ

ପ୍ରକାଶ : ୧୯ ଏପ୍ରିଲ ୨୦୨୫, ୧୭:୩୮



ছବି: ସଂଗ୍ରହିତ

UNIBOTS

ছয় দফা দাবি আদায়ে এবার মহাসমাবেশের ডাক দিয়েছেন কারিগরি শিক্ষার্থীরা। আগামীকাল রোববার সারা দেশে এই কর্মসূচি পালন করবেন তারা।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

আজ শনিবার (১৯ এপ্রিল) ‘রাইজ ইন রেড’ নামে মানববন্ধন কর্মসূচি শেষে মহাসমাবেশের ঘোষণা দেন কারিগরি ছাত্র আন্দোলনের প্রতিনিধি ও ঢাকা পলিটেকনিক ইনসিটিউটের শিক্ষার্থী জোবায়ের পাটোয়ারী।

এর আগে, আজ দুপুর ১২টার দিকে তেজগাঁওয়ে ঢাকা পলিটেকনিক ইনসিটিউটের মূল ফটকের সামনে মানববন্ধন পালন করেন শিক্ষার্থীরা। কুমিল্লার কর্মসূচিতে হামলার অভিযোগে ‘রাইজ ইন রেড’ নামে এই কর্মসূচি পালন করা হয়।

এ সময় আন্দোলনরত শিক্ষার্থীরা ‘রক্তে আগুন লেগেছে’, ‘আবু সাইদ মুফ্ত, শেষ হয়নি যুদ্ধ’, ‘দেশ গড়ার হাতিয়ার, গর্জে ওঠো আরেকবার’সহ বিভিন্ন স্লোগান দেন।



শুরুবার দুপুরে ছয় দফা দাবি আদায়ে কাফনের কাপড় মাথায় বেঁধে গগমিলিল করেন পলিটেকনিক শিক্ষার্থীরা। পরে কারিগরি ছাত্র আন্দোলনের প্রতিনিধি ও ঢাকা পলিটেকনিক ইনসিটিউটের শিক্ষার্থী জোবায়ের পাটোয়ারী বলেন, ‘কর্তৃপক্ষকে বলব, আমাদের দাবি দ্রুততম সময়ের মধ্যে মেনে নিন, আমরা রাজপথ ছেড়ে দেব। কুমিল্লার ভাইদের ওপর হামলার সুষ্ঠু তদন্ত ও বিচার নিশ্চিত করুন, তাদের সুচিকিৎসা নিশ্চিত করুন। আমরা আপনাদের সঙ্গে আলোচনায় বসতে আগ্রহী।’

এর আগে বৃহস্পতিবার রাতে ঢাকা পলিটেকনিক ইনসিটিউটসহ দেশের বিভিন্ন পলিটেকনিক ইনসিটিউটের শিক্ষার্থীরা দাবি আদায়ে মশাল মিছিল করেন। তার আগে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে দীর্ঘ বৈঠক করেও সন্তুষ্ট না হয়ে ছয় দফা দাবিতে তারা আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছিলেন।